

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট সেবা প্রদান অংশীজনের অংশগ্রহণের
বিগত ২০/১২/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব (মোঃ মোজাম্মেল হক
সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট
সভার তারিখঃ ২০/১২/২০২৩খ্রি.
সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট
উপস্থিতিঃ মনোনিত সদস্য, উপজেলা সমবায় কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট

অধ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার
কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নে সেবা প্রদানের নিমিত্তে অংশীজনের সভার কার্যক্রম আরম্ভ করা হয়। উক্ত সভায়
উপস্থিত সদস্যদের নিকট হতে প্রশ্ন আহ্বান করা হলে তাদের প্রাপ্ত প্রশ্নের জবাব/উত্তর সভায় প্রদান করা হয়।

১নং প্রশ্নঃ জনাব মারুফা বেগম, সভাপতি, সমবায় সমিতি লিঃ প্রশ্ন করেন যে, আমানত গ্রহণ করতে হলে কি কি পন্থা অবলম্বন করতে
হবে।

১নং প্রশ্নের উত্তরঃ প্রশ্নের জবাবে সভায় জানানো হয় যে, সমবায় সমিতি আইন ২০০১ এর এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪
এর নির্দিষ্ট বিধিমালা অনুযায়ী সদস্যদের নিকট হতে আমানত গ্রহণ করা যেতে পারে। তবে মাসিক ১৮% এর বেশি মুনাফার হার
হবে না প্রয়োজনে আরো কমাতে হবে। এবং গৃহি আমানত এর তথ্য গোপন করা যাবে না, তথ্য গোপন করলে সমবায় আইন
বিধিমালা লংঘনের দায়ে সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতো পারবেন।

২নং প্রশ্নঃ জনাজনাব রেনু বেগম সমবায় সমিতি প্রশ্ন করেন যে, অডিট প্রতিবেদনের সাথে আমানতের তথ্য আবশ্যিক ভাবে থাকতে
হবে কিনা?

২নং প্রশ্নের উত্তরঃ প্রশ্নের জবাবে সভায় জানানো হয় যে, অডিট নোট একটি সমবায় সমিতির বার্ষিক চিত্রের উৎকৃষ্ট পন্থা, অডিট নোটের মাধ্যমে
সমিতির সব কিছু প্রতিফলিত হয়, তাই সমবায় সম্পর্কিত যাবতীয় তথ্য অডিট প্রতিবেদনের সাথে উল্লেখ করতে হয়, তাই উক্ত আমানতের তথ্য
আবশ্যিক ভাবে থাকতে হবে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট

স্মারক নং- ২০৯

তারিখঃ ১০/১২/২০২৩খ্রি.

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান বিষয়ে ষ্টেক হোল্ডারগণের সমন্বয়ে আগামী ০/১২/২০২৩খ্রি. তারিখ অংশীজনের সভা সকাল ১০,০০ ঘটিকায় সময় উপজেলা সমবায় কার্যালয় ক্ষেতলাল, জয়পুরহাটএর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ষ্টেকহোল্ডারগণের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ষ্টেকহোল্ডারগণের তালিকা সংযুক্ত।

আলোচ্য বিষয়ঃ (১) স্থায়ী আমানত সংক্রান্ত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত।
(২) বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত।

স্বাক্ষরিত/-
(মোঃ মোজাম্মেল হক)
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

স্মারক নং-

তারিখঃ / /২০২৩খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা সমবায় অফিসার, জয়পুরহাট

২। উপজেলা সমবায় অফিসার, ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট

৩। জনাবসদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট

৪। জনাবসভাপতি/সহ-সভাপতি/সম্পাদক/সদস্যসমবায় সমিতি লিঃ

স্বাক্ষরিত/-
(মোঃ মোজাম্মেল হক)
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট
ও
সভাপতি
নৈতিকতা কমিটি